MAR 20

ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# বাংলা পরীক্ষায়ও বহিষ্কার ২৭০০

## এসএসসি পরীক্ষা কেন্দ্র অপেক্ষাকৃত শান্ত, নকল সরবরাহের অভিযোগে শিক্ষক গ্রেপ্তার

**কাগজ প্রতিবেদক** : প্রথম দুদিনের তুলনায় গতকাল বুধবার সারা দেশে তুলনামূলক শান্ত ছিল এসএসসি ও দাখিল পরীক্ষার কেন্দ্রগুলো। তবে নকলের প্রবণতা ছিল আগের মতোই। অতি নকলের কারণে কুষ্টিয়ার দৌলতপুর, খাসমাথুরা, ফিলিপনগর এবং বড়কান্দিরায় বিডিআর মোতায়েনের নির্দেশ দেওয়া হয়েছে। সন্ত্রাসীদের তাণ্ডবে গত দুদিনেও এই কেন্দ্রগুলোতে কোনো পরিদর্শক যেতে পারেন নি। এ ছাড়া নকলে সহায়তার অভিযোগে মহেশখালীতে ১ জন শিক্ষক গ্রেপ্তারসহ ৪ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

গতকাল ছিল এসএসসির বাংলা প্রথমপত্রের পরীক্ষা। কেন্দ্রে কেন্দ্রে নকল সরবরাহকারীদের দৌরাত্ম্য তাই কিছুটা কম ছিল। ভোরের কাগজ-এর বিভিন্ন জেলা প্রতিনিধিরা জানিয়েছেন, বাংলা পরীক্ষা হলেও নকলপ্রবণ কেন্দ্রগুলোতে নকল চলেছে ধুমসে।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল সারা দেশে এসএসসি ও দাখিল পরীক্ষায় বহিষ্কার করা হয়েছে ২ হাজার ৭০০ পরীক্ষার্থীকে। এর মধ্যে ঢাকা বোর্ডে ২৯৫, রাজশাহী বোর্ডে ৬৬৪, যশোর বোর্ডে ২০৫, কুমিল্লা বোর্ডে ৪৯৪, সিলেট বোর্ডে ৪৩, বরিশাল বোর্ডে ১৫২ এবং চট্টগ্রাম বোর্ডে ২৬৭ পরীক্ষার্থী রয়েছে। এছাড়া দাখিল পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৬২১ জন।

ঢাকায় পাওয়া খবরে জানা গেছে,

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

## বাংলা পরীক্ষায়ও বহিষ্কার

● প্রথম পাতার পর

কুষ্টিয়ার প্রথম পরীক্ষা থেকেই কুষ্টিয়া দৌলতপুর, খাসমাথুরা, ফিলিপনগর এব বড়কান্দিয়ায় কোনো ভিজিল্যান্স টিম যেতে পারছে না। সন্ত্রাসীরা সেখানে কাউকে ঢুকতে দিচ্ছে না। প্রথম দিন থেকে অবাধে চলছে নকল। রাজশাহী বো গতকাল স্থানীয় প্রশাসনকে নকলপ্রবণ এ কেন্দ্রগুলোতে বিডিআর মোতায়েনে অনুরোধ জানিয়েছে।

চট্টগ্রাম অফিস জানিয়েছে, এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল সোমবা বৃহত্তর চট্টগ্রামে আড়াই শতাধি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড় বিভিন্ন অভিযোগে বহিস্কৃত হয়েছে ৪ জ শিক্ষক। এর মধ্যে মহেশখালী মাতারবাড়ির স্কুলের শিক্ষক বশি আহমদকে নকলসহ হাতে নাতে ধ পুলিশের নিকট সোর্পদ করা হয়েছে।

বাংলা প্রথমপত্রের দিনেও গতকা চট্টগ্রামের বিভিন্ন কেন্দ্রে ছিল নকলে ছড়াছড়ি। সকালে চট্টগ্রাম শিক্ষা বোর্ডে চেয়ারম্যান আহমদ হোসেন রাউজান আ আর স্কুল কেন্দ্র পরিদর্শন করে বে কয়েকজন ছাত্রকে বহিষ্কার করেন রাউজানের বিভিন্ন কেন্দ্র থেকে গতকা বহিস্কৃত হয় ৪৭ জন পরীক্ষার্থী।

বরিশাল সংবাদদাতা জানান, শিক্ষ বোর্ডের অধীনে ১২৪ জনের মধ্যে বরিশা জেলায় ৮০ জন, পটুয়াখালীতে ১৮ জন বরগুনায় ৭ জন, পিরোজপুরে ১৫ জ এবং ঝালকাঠীতে ২ জন বহিস্কৃ হয়েছে।

এ ছাড়া গতকাল অনুষ্ঠিত দাখি পরীক্ষায় বরিশাল জেলার ৮ কেন্দ্রে বহিস্কৃত হয়েছে ৩৫ জন। পরীক্ষ চলাকালে কোথাও কোনো অপ্রীতিক ঘটনা ঘটার সংবাদ পাওয়া যায়নি। তবে নকল প্রতিরোধে প্রশাসন পুরোপুরি ব্য হয়েছে।

সিলেট অফিস জানায়, এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল সিলে শিক্ষা বোর্ডের অধীনে শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে। তবে নকলের দায়ে সিলেট শিক্ষা বোর্ডে গতকাল মোট ৪ জন ছাত্রছাত্রী বহিস্কৃত হয়েছে। এর মধ্যে সিলেট জেলায় ১৬ জন, সুনামগঞ্জে ১ জন, হবিগঞ্জে ৬ জন এবং মৌলভীবাজারে ৫ জন। এ ছাড়া কোনো কেন্দ্রে অপ্রীতিক ঘটনার কোনো খবর পাওয়া যায়নি।

চান্দিনা প্রতিনিধি জানান, চান্দিন আল আমিন এতিমখানায় দাখিল পরীক্ষ কেন্দ্রে নকলে সহায়তার অভিযোগে এব